

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত ও আনুষঙ্গিক প্রসঙ্গ - (গ) পাঁচ ওয়াক্ত সালাত বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. সালাত মুমিনদের মি'রাজ

একটি অতি প্রচলিত ভিত্তিহীন সন্দহীন জাল হাদীস

اَلصَّلاَةُ مِعْرَاجُ الْمُؤْمِنِيْنَ

"নামায মুমিনদের মিরাজ।"^[1]

এখানে লক্ষণীয় যে, এ অর্থের কাছাকাছি অনেক সহীহ হাদীস রয়েছে। মুমিন সালাতের মধ্যে আল্লাহর সবচেয়ে নৈকট্য লাভ করেন, সালাতে দাঁড়ালে আল্লাহ মুমিনের দিকে তাকিয়ে থাকেন... ইত্যাদি সহীহ হাদীসে বর্ণিত হয়েছে। কিন্তু এগুলোর পরিবর্তে অনেকে এ ভিত্তিহীন কথাটিকে রাসূলুল্লাহ (ﷺ)-এর নামে বলে তাঁর নামে মিথ্যা বলার অপরাধে অপরাধী হয়ে যান।

ফুটনোট

[1] মুফতী হাবীব ছামদানী, বার চান্দের ফ্যীলত, পৃ. ১২৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4929

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন